দৈনিক খবর

তারিখ 15 NOV 1989
পৃষ্ঠা ... কলাম ...

043

২৩

# স্কুল কমিটির নির্বাচনকে কেন্দ্র করে সুনামগঞ্জে গুলী ঃ নিহত তিন ।। আহত ৯ জন

সুনামগঞ্জ, ১৪ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– গতকাল সন্ধ্যায় জগন্নাথপুর উপজেলার কলকলা ইউনিয়নের আটপাড়া উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির নির্বাচনকে কেন্দ্র করে দু'দলের মধ্যে এক ঘন্টাব্যাপী সংঘর্ষে ৩ জন নিহত ও ৯ জন আহত হয়েছেন। হতাহতরা সবাই গুলীবিদ্ধ হন।

স্কুলটির পরিচালনার নেতৃত্ব নিয়ে কিছুদিন যাবৎ মোল্লারগাঁওয়ের সিরাজুল ইসলাম চেয়ারম্যান ও গিয়াসউদ্দিনের মধ্যে মনোমালিন্য চলছিল। গতকাল কমিটির নির্বাচনের সময় উভয় গ্রুপের

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## স্কুল কমিটির

প্রথম পৃষ্ঠার পর

মধ্যে ১০/১২ রাউন্ড গুলীবর্ষণ হয়েছে। এসে ঘটনাস্থলে আবদুল খালেক ও মজিবুর রহমান নিহত এবং ১০ জন গুরুতর আহত হন। আহতদের জগন্নাথপুর উপজেলা হাসপাতাল ও সিলেট সদর হাসপাতালে নেয়ার পথে ফারুখ আহমেদ নামে আরো ১ জনের মৃত্যু ঘটেছে। আহতদের মধ্যে ২ জনের অবস্থা আশংকাজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে। এ ব্যাপারে ১ জনকে গ্রেফতার করা হয়েছে।